



# মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

www.dhakaeducationboard.gov.bd

স্মারক নং-বিবিধ/১৬৯(৫১)

তারিখ : ০৬/০৮/২০১৮

## জরুরি বিজ্ঞপ্তি

বিষয়ঃ ২০১৭-১৮ শিক্ষাবর্ষে দ্বাদশ শ্রেণিতে ভর্তিকৃত শিক্ষার্থীদের বিষয়, গ্রুপ, শিফট, ভার্শন ও ছবি পরিবর্তন এবং ভর্তি বাতিল প্রসঙ্গে।

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ২০১৭-১৮ শিক্ষাবর্ষে দ্বাদশ শ্রেণিতে ভর্তিকৃত শিক্ষার্থীদের বিষয়, গ্রুপ, শিফট, ভার্শন ও ছবি পরিবর্তন এবং ভর্তি বাতিল কার্যক্রম আগামী ০৭/০৮/২০১৮ তারিখ থেকে শুরু হয়ে ২০/০৯/২০১৮ তারিখ পর্যন্ত চলবে।

এই কার্যক্রম সম্পূর্ণরূপে অনলাইনে সম্পন্ন করতে হবে। শিক্ষার্থীগণ স্ব স্ব কলেজে তার চাহিদা মোতাবেক আবেদন করলে কর্তৃপক্ষ কলেজের পাসওয়ার্ড ব্যবহার করে বোর্ডের ওয়েবসাইটে লগইন করে অনলাইনে শিক্ষার্থীর চাহিদা মোতাবেক সংশোধনী সম্পন্ন করবে। এক্ষেত্রে কলেজ কর্তৃপক্ষ বোর্ডের প্রয়োজনীয় ফি শিক্ষার্থীদের নিকট থেকে গ্রহণ করে সোনালী সেবার মাধ্যমে জমা দিবে। অতঃপর বোর্ডের অনুমোদন সাপেক্ষে সংশোধনী কার্যকর হবে এবং সংশোধিত তথ্যাবলী কলেজ কর্তৃপক্ষ অনলাইনে দেখতে পাবে।

### বোর্ডের নির্ধারিত ফি নিম্নরূপঃ

ক্রমিক	বিবরণ	নির্ধারিত ফি (টাকা)
১	প্রতি বিষয় পরিবর্তন	২০০/-
২	গ্রুপ পরিবর্তন	৫০০/-
৩	ভর্তি বাতিল	৬০০/-

উল্লেখ্য, শিফট, ভার্শন ও ছবি পরিবর্তন এবং ৪র্থ বিষয় বাতিলের জন্য কোন ফি লাগবে না।

চেয়ারম্যানের আদেশক্রমে

প্রফেসর ড. মোঃ হারুন-অর-রশিদ

কলেজ পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড,

ঢাকা।

ফোন : ৫৮৬১২৪৭৬

অধ্যক্ষ/ অধ্যক্ষ(ভারপ্রাপ্ত),

অত্র বোর্ডের আওতাধীন সকল উচ্চমাধ্যমিক বিদ্যালয় ও কলেজ।